পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং ঃ ১/২০১৭

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এম. ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব এনভায়রনমেন্টাল সায়েন্স, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এ ২ বছর মেয়াদী এম. ফিল ও ৩ বছর মেয়াদী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন পত্র আহবান করা হচ্ছে। উভয় প্রোগ্রামই সম্পূর্ণ সময়ের জন্য পাঠ্যক্রম অনুযায়ী গবেষণামূলক কাজ। ইনস্টিটিউট থেকে এম. ফিল. প্রোগ্রামে মাসিক টাকা ৪,০০০/- (চার হাজার) হারে ২ বছর এবং পিএইচ. ডি. প্রোগ্রামে মাসিক টাকা ৫,০০০/- (টাকা পাঁচ হাজার) হারে ৩ বছর মেয়াদী কিছু সংখ্যক ফেলোশীপ (অর্থ প্রাপ্তি সাপেক্ষে) প্রদান করা যেতে পারে।

প্রার্থীদেরকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞানসহ পরিবেশ বিজ্ঞান, বিজ্ঞান, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, প্রকৌশল, সামাজিক বিজ্ঞান, আইন, বিজনেস স্টাডিজ অনুষদের যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও মাস্টার্স ডিগ্রি প্রাপ্ত হতে হবে।

এম.ফিল প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে

১. প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষার সনাতন পদ্ধতিতে যেকোন একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকতে হবে।

এবং

২. সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/অনার্স (সমমান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ ও অন্যটিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

অথবা

আইন/বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/জীব ও ভূ-বিজ্ঞান/কৃষি/প্রকৌশল অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/ অনার্স (সমমান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতি ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫ থাকতে হবে।

অথবা

৩. যে সকল প্রার্থীর উপরে বর্ণিত ধারার উপধারা (১) ও (২)-এর শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে / বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত) / সরকারি কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রী কলেজে অনার্স শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে {(গ)-এর ক্ষেত্রে} কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ২টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে। শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/ শ্রেণি / সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এম.ফিল প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে

১। প্রার্থীর এম.ফিল বিধির উপধারা (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এম.ফিল / সমমান ডিগ্রি থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

২। প্রার্থীর যদি এম.ফিল বিধির বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/সরকারি/ বৃত্তি / বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ অর্জন করে থাকেন, তাহলে তাঁরা পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন জমা দিতে পারবেন।

অথবা

৩। এম.ফিল বিধির উপধারা (১) ও (২) এর ভর্তির যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত) / সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রী কলেজে অনার্স শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে {(গ)-এর ক্ষেত্রে)} কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন। তবে, শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ / শ্রেণি / সিজিপি-এ ৩.০০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

আবেদনকারী ব্যক্তিগতভাবে ইনস্টিটিউট অফিস থেকে অথবা নিজ ঠিকানা সম্বলিত সাদা খামে ২০/- (কুড়ি) টাকার ডাকটিকিট এবং পরিচালক, ইনস্টিটিউট অব এনভায়রনমেন্টাল সায়েন্স, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে ৮০০.০০ (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) পাঠিয়ে ১৫.০২.২০১৭ তারিখ থেকে ৩০.০৩.২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ৮:০০ – বেলা ২:০০ টা পর্যন্ত) ইনস্টিটিউটের অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ এবং প্রার্থীর সকল পরীক্ষার সনদপত্র, নম্বরপত্রসমূহের সত্যায়িত কপি ও দুই কপি ছবিসহ জমা দিতে পারবেন। অগ্রণী ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীকে এম.ফিল কোর্সে গবেষণার জন্য ১(এক) বছর এবং পিএইচ.ডি'র জন্য ২(দুই) বছরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র ভর্তির সময় সংযুক্ত করতে হবে এবং কোর্সওয়ার্কে যোগদানের সময় প্রয়োজনীয় ছুটির অনুমোদন পত্র দেখাতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আগামী ০৬.০৫.২০১৭ তারিখ শনিবার সকাল ১০:০০ টায় পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ১৫.০৬.২০১৭ তারিখের মধ্যে ভর্তি হতে হবে। ক্লাশ শুরু হবে ১লা জুলাই, ২০১৭।

উল্লেখ্য, ইনস্টিটিউট সংক্রান্ত বিশদ বিবরণ এবং ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি www.ru.ac.bd/ies থেকে পাওয়া যাবে।

(ড. মো. সুলতান-উল-ইসলাম)
প্রফেসর ও পরিচালক
পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৫